

## মেক্সিকোয় উড়োজাহাজ ছিনতাইয়ের চেষ্টা যাত্রীর

- A Monitor Desk Report

Date: 11 December, 2024



মেক্সিকো : উড়োজাহাজে উঠেই তা ছিনতাইয়ের চেষ্টা করলেন এক যাত্রী। যুক্তরাষ্ট্র যাওয়ার জন্য ফ্লাইটটিকে ঘুরপথে নিয়ে যাওয়ার চেষ্টাও করলেন। যাত্রীর এই কাণ্ডে হলস্থুল গোটা উড়োজাহাজে। আতঙ্কে চৌচামেচি করতে শুরু করেন বাকি যাত্রীরা। ঘটনাটি ঘটেছে লাতিন আমেরিকার দেশ মেক্সিকোতে।

জানা গেছে, এল বাজিও থেকে মেক্সিকোর তিজুয়ানার দিকে যাচ্ছিল ভোলারিস ৩৪০১ ফ্লাইটটি। ফ্লাইটটি যখন মাঝ আকাশে, তখনই সেটি হাইজ্যাকের চেষ্টা করেন ওই যাত্রী। বারবার চৌচিয়ে বলতে থাকেন, ফ্লাইটটি যুক্তরাষ্ট্রে নিয়ে চলো।

যাত্রীর এই কাণ্ডের জেরে ছুটে আসেন ফ্লাইটের ক্রু মেম্বাররা। সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ঘটনার ছড়িয়ে পড়া এক ভিডিওতে দেখা গেছে, ক্রু মেম্বারদের সঙ্গে ধস্তাধস্তি করছেন ওই যাত্রী। তাদের মারধরও করেন। অবশেষে ফ্লাইটটি মধ্য মেক্সিকোতে গুয়াদালাজারায় ডাইভার্ট করা হয়।

মেক্সিকোর অবকাঠামো, যোগাযোগ ও পরিবহন মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, ফ্লাইটটি নিরাপদে গুয়াদালাহারায় আন্তর্জাতিক বিমানবন্দরে নামার জন্য জরুরি সহায়তা করা হয় এবং ওই যাত্রীকে আটক করা হয়েছে। পুরো ঘটনার তদন্ত চলছে।

জানা গেছে, ভোলারিস ৩৪০১ উড়োজাহাজের ক্রু মেম্বার ও সব যাত্রী সুরক্ষিত আছেন। কিছুক্ষণ পরই ফ্লাইটটি আবার গন্তব্যের উদ্দেশে রওনা দিয়েছে।

গুয়াদালাহারায় পুলিশ জানিয়েছে, সন্দেহভাজন ব্যক্তির নাম মারিও এন (৩১)। সোমবার পুলিশের পক্ষ থেকে গণমাধ্যমে জানানো হয়, মারিও দাবি করেছেন যে, তার এক আত্মীয়কে অপহরণ করা হয়েছে এবং অপহরণকারীরা তাকে হুমকি দিয়েছে যে, তিনি তিজুয়ানায় গেলে তাকে, তার স্ত্রী এবং দুই সন্তানকে হত্যা করা হবে।

ভোলারিস এয়ারলাইন্সের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, 'সকল যাত্রী, ক্রু এবং উড়োজাহাজ নিরাপদে আছেন। এই পরিস্থিতি তৈরি হওয়ার জন্য আমরা দুঃখিত। ভোলারিসের জন্য যাত্রী এবং ক্রুর নিরাপত্তা একটি শীর্ষ অগ্রাধিকার।'

-B